ইত্তেফাক

তারিখ ৩/৭/৮২

018

# বাংলাদেশে ইউনেস্কোর নীতি ও আদর্শ ব্যাপকতর করার আহ্বান

বাসস ও এনা জানায়, প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থার (ইউনেস্কো) নীতি ও আদর্শের বাস্তবায়ন আরও ব্যাপকতর করার জন্য ইউনেস্কোর বাংলাদেশ জাতীয় কমিশনের প্রতি আহ্বান জানাইয়াছেন।

গতকাল (শনিবার) সচিবালয়ে এক বৈঠকে কমিশনের চেয়ারম্যান হিসাবে প্রদত্ত ভাষণে প্রধানমন্ত্রী গণশিক্ষাসহ বাংলাদেশে ইউনেস্কোর সাহায্য ও সহযোগিতার ভূয়সী প্রশংসা করেন।

বৈঠকের শুরুতে মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহমানের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের উদ্দেশ্যে এক মিনিট নীরবতা পালন করা হয়।